জীবননগরে সন্ত্রাস-জঙ্গিবাদ প্রতিরোধে প্রশিক্ষণ কর্মশালা

চুয়াডাঙ্গার জীবননগরে সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠা,সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধ এবং সামাজিক সমস্যা নিরসনে মসজিদের ইমাম, খতিব ও আলেম ওলামাদের করণীয় শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকালে উপজেলা ইসলামী ফাউন্ডেশনের আয়োজন উপজেলা পরিষদের হলরুমে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মো: রোকনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, উপজেলা মৎস্য কর্মকর্তা দীন ইসলাম, জেলা ইসলামী ফাউন্ডেশনের হিসাব রক্ষক আব্দুস সোবহান, হাসাদহ মডেল ফাজিল মাদ্রাসার অধ্যাপক মা.আক্তারুজ্জামান, জীবননগর থানার সাব-ইন্সপেক্টর হাসনাইন প্রমূখ।

এছাড়াও কর্মশালায় উপজেলার বিভিন্ন মসজিদের ইমাম, খতিব ও আলেম ওলামাদের পাশাপাশি ইসলামী ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত মসজিদ ভিত্তিক শিশু ও বয়স্ক কেন্দ্রের শিক্ষক -শিক্ষিকারা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সঞ্চালক হিসাবে দায়িত্ব পালন করেন উপজেলা ইসলামী ফাউন্ডেশনের সুপার ভাইজার আব্দুল হাকিম।

গাংনীতে সমবায়ীদের দিনব্যাপী যৌথসভা ও ই-প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

গাংনীতে সমবায় অধিদপ্তরের উদ্যোগে সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি প্রকল্প (৩য় পর্যায়ে) সমবায়ীদের নিয়ে দিনব্যাপী যৌথসভা ও ই-প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা সমবায় অফিসের আয়োজনে মঙ্গলবার (২২ নভেম্বর) সকাল ১০ টার সময় গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে এই প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টুর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশিক্ষণে প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা সমবায় অফিসের উপ সহকারী নিবন্ধক মো. এনামুল হক, বীর মুক্তিযোদ্ধা মো. সোহরাব হোসেন।

কর্মশালায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা সমবায় অফিসের পরিদর্শক নুরুজ্জামান, সহকারী পরিদর্শক হাফিজুর রহমান, সমবায়ী মশিউর রহমান পলাশ, হুমায়ুন কবির রিপন, তন্ময় হুদা বিশ্বাস, রাকিবুল হাসান, শফিউল ইসলাম প্রমূখ। দিনব্যাপি এই প্রশিক্ষণ কর্মশালায় এই প্রকল্পের ৬০ জন সমবায়ী সদস্য অংশগ্রহণ করেন।

ঝিনাইদহে মানিলন্ডারিং ও

সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ শীর্ষক কর্মশালা

ঝিনাইদহে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)’র তত্বাবধানে শনিবার সকালে শহরের ফুড সাফারি মিলানয়তনে এ কর্মশালার আয়োজন করে ডাচ্ বাংলা ব্যাংক।

ডাচ্ বাংলা ব্যাংক’র ক্যামেলকো ও ডেপুটি ম্যানেজি ডিরেক্টর মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন’র সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বিএফআইইউ’র অতিরিক্ত পরিচালক মাসুদ রানা। বক্তব্য রাখেন বিএফআইইউ’র যুগ্ম পরিচালক আল আমীন রিয়াদ ও এফ এম সালেহ উদ্দিন, ডাচ্ বাংলা ব্যাংক ঝিনাইদহ শাখার ব্যবস্থাপক সাইদুর রহমান।

কর্মশালায় জেলায় অবস্থিত ২৯ টি ব্যাংকের ৬৫ জন কর্মকর্তা অংশ নেয়। দিনব্যাপী কর্মশালায় অংশ নেয়া কর্মকর্তাদের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়নের মতো গুরুত্বপূর্ণ বিষয়ে জ্ঞান অর্জন ও নিজ নিজ কর্মক্ষেত্রে তার প্রয়োগের জন্য নানা প্রশিক্ষণ প্রদাণ করা হয়।

মেহেরপুরে ইম্প্যাক্ট ফাউন্ডেশনের প্রতিবন্ধিতা বিষয়ক কর্মশালা

মেহেরপুরে ইম্প্যাক্ট ফাউন্ডেশনের আয়োজনে সমাজের প্রতিবন্ধিতা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (১৩ সেপ্টেম্বর) সকালের দিকে ইম্প্যাক্ট ফাউন্ডেশনের জীবন মেলা হেলথ সেন্টার (চাঁদবিল) হলরুমে এ প্রশিক্ষণ কর্মশালা

অনুষ্ঠিত হয়।

ইম্প্যাক্ট ফাউন্ডেশনের প্রশাসক শফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় বক্তব্য রাখেন, গাংনী অফিসের ব্যবস্থাপক শামীম আহম্মেদ, প্রশিক্ষক টিপু সুলতান ও সোনিয়া সুলতানা।

ইম্প্যাক্ট ফাউন্ডেশনের বিভিন্ন কর্মসূচী, উদ্দ্যেশ্য ও লক্ষ তুলে ধরে বিস্তারিত আলোচনা করেন কর্মশালার সভাপতি শফিকুল ইসলাম।

এছাড়া ইম্প্যাক্ট ফাউন্ডেশনের বিভিন্ন কার্যক্রমের ভিডিও চিত্র(স্লাইড শো) প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শন করেন প্রশিক্ষক টিপু সুলতান।

উল্লেখ্য ইম্প্যাক্ট ফাউন্ডেশন, বিনামূল্যে বিশেষজ্ঞ সার্জন দ্বারা ঠোঁট কাটা, তালু কাটা, প্রলাপ্স সার্জারী (মহিলাদের জরায়ু নেমে আসা) বিনামূল্যে করেন থাকে। এছাড়া অত্যন্ত স্বল্প মূল্যে বিশেষজ্ঞ সার্জ দিয়ে চোখ, নাক, কান, গলা মুগুর পাসহ জটিল রোগের অপারেশন স্বল্প মূল্যে করে এলাকার মানুষের কাছে ভরসার যায়গা করে নিয়েছে। এছাড়া শারীরিক প্রতিবন্ধীদের জন্য কৃত্তিম হাত পা ও সহায়ক সামগ্রী স্বল্প মূল্যে দিয়ে থাকে। ইতোমধ্যে প্রতিষ্ঠানটির নার্স ইন্সটিটিউট থেকে পড়া লেখা শেষ করে দেশের অনেক বড় বড় বেসরকারি মেডিকেল কলেজ ও সরকারিভাবেও কর্মসংস্থানের সুযোগ পেয়েছেন।

তারা বলেন, এই সংস্থার জীবন তরি ভাসমান হাসপাতাল এখন শুধু দেশেই নয় বিদেশেও প্রশংসা কুড়িয়েছে। চিকিৎসা সেবা সাধারণ মানুষের দোর গৌড়ায় পৌছাতে বাসে করে প্রত্যন্তাঞ্চলে যাচ্ছে। সেখানে ডাক্তার ও প্রয়োজনীয় যন্ত্রপাতিও নিয়ে যাওয়া হয়। তারা ইম্প্যাক্ট ফাউন্ডেশনের এই কার্যক্রমকে সকলের সামনে তুলে ধরতে সাংবাদিকদের সহযোগীতা কামনা করেন।

কর্মশালায় গাংনী প্রেসক্লাব ও গাংনী উপজেলা প্রেসক্লাবের সাংবাদিকরা অংশ নেন।

মেহেরপুরে এলজিএসপি ৩ প্রকল্পের অর্জন বিষয়ক অবহিতকরণ কর্মশালা

মেহেরপুরে লোকাল গভর্ন্যান্স প্রজেক্ট ৩ ( এলজিএসপি) ও অর্জন অবহিতকরণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে স্থানীয় সরকারের উপপরিচালক মৃধা মো: মুজাহিদুল ইসলামের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য দেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা. জওয়াহেরুল আনাম সিদ্দিকী। মূল প্রতিপাদ্য উপস্থাপন করেন এলজিএসপি প্রকল্পের ডিস্ট্রিক্ট ফ্যাসিলেটর সোহরাব হোসেন।

বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাকের যৌথ বরাদ্দে ২০১৭ সালের জানুৃযারি এ প্রকল্প শুরু হয় সারাদেশের সকল ইউনিয়ন পরিষদে। প্রকল্পটি শেষ হবে চলতি বছরের ডিসেম্বরে।

কর্মশালায় বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, এনজিও কর্মকর্তা, শিক্ষক প্রতিনিধি, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, বিভিন্ন গণমাধ্যমে কর্মরত সাংবাদিক, ব্যবসায়ী প্রতিনিধিরা অংশ নেন।

স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কার্যক্রমের স্বচ্ছতা, জবাবদিহিতা ও বরাদ্দের সুষম বন্টন নিশ্চিতকরণে ভবিষ্যৎ করণীয় নির্ধারণ ও সুপারিশসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়।

দর্শনায় মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্দ্যেগে ছাগল পালনে

প্রশিক্ষণ ও ছাগল বিতরন

দর্শনায় মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্দ্যেগে দিন ব্যাপী ছাগল লালন-পালন ও রোগ প্রতিরোধ বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা অনুষ্টিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে দর্শনা পৌর এলাকার রামনগরে অবস্থিত মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার নিজ কার্যালয়ে দিন ব্যাপী ছাগল লালন-পালন ও রোগ প্রতিরোধ বিষয়ে প্রতিবন্ধি অভিভাগকদের প্রশিক্ষণ ও ছাগল বিতরন অনুষ্ঠিত হয়েছে।

মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার আয়োজনে ছাগল লালন-পালন ও রোগ প্রতিরোধ বিষয়ে প্রশিক্ষন অনুষ্ঠানে সংস্থার ম্যানেজার মকবুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা প্রাণী সম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহ আল মামুন।

প্রশিক্ষণ শেষে বাংলাদেশ এন,জি,ও ফাউন্ডেশনের সহায়তায় মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্দ্যগে দর্শনা থানাধীন এলাকার ৯টি গ্রামের ১৬ জন বিভিন্ন ধরনের প্রতিবন্ধি অভিভাবকদের মধ্যে প্রত্যকের ২টি করে মোট ৩২টি বিনা মূল্যে ছাগল প্রদান করা হয়।

এ সময় প্রতিবন্ধি ভুক্তভোগীদের মাজে ২টি করে ছাগল বিতরন করে। এরা হলেন, চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার জয়নগর গ্রামের সুমন মিয়া, মিতু খাতুন, শ্যামপুরের মরিয়ম খাতুন, পরাণপুরের পিপিলা খাতুন, মোবারকপাড়ার সাগর মিয়া, রামনগরের শারেজান বিবি, তারিক আজিজ, রবিউল ইসলাম, করিমপুরের কবিউল ইসলাম, রুদ্রনগরের আহসান হাবিব, শামসুল আলম, উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ছয়ঘরিয়ার জিহাদ হোসেন, মদনা গ্রামের সাফিয়া মাহজাবিন, রহমতুল্লা, বারাদী গ্রামের শফিকুল ইসলাম, উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের কুড়ুলগাছি গ্রামের ফাতেমা খাতুন।

হরিণাকুণ্ডুতে মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে কর্মশালা

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে উপজেলা প্রশাসন দিনব্যাপী এই কর্মশালার আয়োজন করে।

ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এসিল্যান্ড তানভীর হোসেনের সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন।

এ সময় উপস্থিত ছিলেন পৌর মেয়র ফারুক হোসেন, ঝিনাইদহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক গোলক মজুমদার, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা জামিনুর রশিদ, ওসি সাইফুল ইসলাম, ইউপি চেয়ারম্যান কামাল হোসেন, শরাফত দৌলা, জাহিদুল ইসরাম বাবু মিয়া, বসির উদ্দিন প্রেস ক্লাব সভাপতি সাইফুজ্জামান তাজু, পৌরসভার প্যানেল মেয়র সিদ্দিকুর রহমান, সরকারি বেসরকারি কর্মকর্তা, শিক্ষক, জনপ্রতিনিধিসহ বিভিন্ন শ্রেণি ও পেশার প্রতিনিধি উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নাটক বিষয়ে প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন

মেহেরপুর নাটক বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা ২০২২ এর উদ্বোধন করা হয়েছে। শুক্রবার বিকেলে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এ প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করা হয়।

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী আয়োজিত প্রশিক্ষণ কর্মশালার

উদ্বোধন ঘোষণা করেন, জেলা শিল্পকলা একাডেমি কার্যালয় পরিষদের সিনিয়র সহ-সভাপতি অধ্যাপক নুরুল আহমেদ।

এ সময় জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান ও শিক্ষক শ্বাসত্ব নিপ্পন বক্তব্য রাখেন। এছাড়াও জেলা শিল্পকলা একাডেমির কার্যনির্বাহী পরিষদের যুগ্ম সম্পাদক সম্পাদক মহিদুল ইসলাম মহিদ,সদস্য সুলতানা রাজিয়া টনি, নিলুফা বানু, মিনারুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন। নাটক বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার প্রশিক্ষণ দেবেন আরণ্যক শামীমা শওকত লাভলী।

মুজিবনগরে মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে কর্মশালা অনুষ্ঠিত

মুজিবনগরে মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য সমন্বিত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় সকাল সাড়ে ১১ টার সময় উপজেলা পরিষদ মিলনায়তনে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার সুজন সরকারের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিচালক শিরিন আক্তার।

এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, ৬ বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) মুজিবনগর কম্পানি কমান্ডার আশরাফ আলী, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ুব হোসেন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান, মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের

প্রধান শিক্ষক ইসলাম, বিভিন্ন মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সাংবাদিক, উপজেলার বিভিন্ন অফিসের কর্মকর্তা, ইউপি সদস্য, গ্রাম পুলিশ এবং মসজিদের ইমামগন কর্মশালায় উপস্থিত ছিলেন।

মেহেরপুরে প্রতিবন্ধিতা প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

মেহেরপুর গণমাধ্যম কর্মীদের নিয়ে প্রতিবন্ধিতা প্রতিরোধ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে মেহেরপুরের চাঁদবিলে ইমপ্যাক্ট ফাউন্ডেশন নামের একটি বেসরকারি প্রতিষ্ঠান এ কর্মশালার আয়োজন করে।
ইমপ্যাক্ট ফাউণ্ডেশন মেহেরপুরের প্রশাসক শফিকুল ইসলামের সভাপতিত্বে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের পরিচালক ডা. হাসিব মাহমুদ।

বক্তব্য দেন ফাউণ্ডেশনের প্রশিক্ষক টিপু সুলতান, সোনিয়া সুলতানা, সাংবাদিক তোজাম্মেল আযম, ইয়াদুল মোমিন, মাহাবুব চান্দু, আবু সাঈদ, আতিক স্বপন, মাহবুবুল হক পোলেন, মিজানুর রহমান জনি, মনিরুল ইসলাম প্রমুখ।

প্রশিক্ষণে প্রতিবন্ধি কিভাবে সৃষ্টি হয়, কিভাবে প্রতিরোধ করা যায় এবং সচেতনতা ও চিকিৎসার মাধ্যমে কিভাবে প্রতিবন্ধিতা রোধ করা যায় তা নিয়ে আলোচনা করা হয়। একই সঙ্গে প্রতিবন্ধিতা রোধে ইমপ্যাক্ট ফাউণ্ডেশনের বিভিন্ন কার্যক্রমের চিত্র উপস্থাপন করা হয়।